যুগান্তর

তারিখ . . 30 MAY 2016 . . .
পৃষ্ঠা ...২...৬ কলাম ...১...৬ ......

এমপিওভুক্তির দাবি

# অবস্থান ধর্মঘটে তিন বিষয়ের শিক্ষকরা

যুগান্তর রিপোর্ট

এমপিওভুক্তির দাবিতে প্রেস ক্লাবের সামনে স্কুল ও কলেজের তিনটি বিষয়ের শিক্ষকরা লাগাতার অবস্থান ধর্মঘট পালন করছেন। বিষয়গুলো হচ্ছে— তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি), উৎপাদন ব্যবস্থাপনা এবং ফিন্যান্স ও ব্যাংকিং। এদের মধ্যে উৎপাদন ব্যবস্থাপনার শিক্ষকদের কর্মসূচি রোববার ৬ষ্ঠ দিনে গড়িয়েছে। আর আইসিটি শিক্ষকদের কর্মসূচি গড়িয়েছে ১৫তম দিনে। উৎপাদন ব্যবস্থাপনা এবং ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা শিক্ষক পরিষদের ধর্মঘটে রোববার একাত্মতা প্রকাশ করেছেন সাবেক শিল্পমন্ত্রী দিলীপ বড়ুয়া। আন্দোলনকারী শিক্ষকরা এ দিন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) মহাপরিচালক অধ্যাপক ফাহিমা খাতুনের সঙ্গে সাক্ষাৎ করেন। সংগঠনের সভাপতি সৈয়দা দিল আশরাফি জানান, মাউশি মহাপরিচালক তাদেরকে আশ্বস্ত করেন এবং এ বিষয়ে একটা আবেদন দিতে বলেন। এদিকে এক বিজ্ঞপ্তিতে পরিষদের পক্ষ থেকে সভাপতি ও সাধারণ সম্পাদক উৎপাদন ব্যবস্থা এবং বিপণন এবং ফিন্যান্স ব্যাংকিং ও বীমার প্রভাষকদের নিয়োগের ফটোকপি, কলেজের নাম, জেলা-উপজেলা ও নিয়োগের তারিখসহ কেন্দ্রীয় নেতাদের সঙ্গে খুব দ্রুত যোগাযোগের অনুরোধ করেছেন।

**আইসিটি শিক্ষক** : ১৫ মে থেকে এমপিওভুক্তির দাবিতে অবস্থান কর্মসূচি পালন করছেন বিভিন্ন জেলা থেকে আসা এমপিও বঞ্চিত আইসিটি শিক্ষকরা। ঘূর্ণিঝড় রোয়ানু উপেক্ষা করে অনাহারে, অতি কষ্টে, নিদ্রাহীনভাবে, পরিবার-পরিজন ও আত্মীয়-স্বজনের মায়া ত্যাগ করে তারা এই কর্মসূচি অব্যাহত রেখেছেন।